

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
কোম্পানীগঞ্জ, সিলেট।  
[www.companiganj.sylhet.gov.bd](http://www.companiganj.sylhet.gov.bd)

স্মারক নং- ০৫.৪৬.৯১২৭.০০১.০১.০১৩.১৭- ২৯৬


তারিখ: ১২ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০৭/০২/২০২৪ তারিখ ১৪৩১ বাংলা সনের জন্য কোম্পানীগঞ্জ উপজেলার ভোলাগঞ্জ দশ নম্বর ঘাট থেকে সাদা পাথর পর্যটন ঘাট ও ভোলাগঞ্জ দশ নম্বর গাড়ি পার্কিং এলাকা ইজারা প্রদানের লক্ষ্যে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নম্বর- ২২৫৯/২০২৪ এর ২৫/০২/২০২৪ তারিখের রায়ে ইজারা বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিতাদেশ প্রদান করা হয় এবং ১৪৩০ বাংলা সনের ইজারামূল্যের অতিরিক্ত ১৫% বর্ধিত হারে বর্তমান ইজারাগ্রহীতা জনাব কাজী মো: মোস্তাফিজুর রহমানের অনুকূলে কোম্পানীগঞ্জ উপজেলার ভোলাগঞ্জ দশ নম্বর ঘাট থেকে সাদা পাথর পর্যটন ঘাট ও ভোলাগঞ্জ দশ নম্বর গাড়ি পার্কিং এলাকা ১৪৩১ বাংলা সনের জন্য ইজারা প্রদানের রায় প্রদান করেন। রায়ের প্রেক্ষিতে বিজ্ঞ জিপি, সিলেট এর আইনগত মতামত এবং উপজেলা পর্যটন উন্নয়ন কমিটির ০৩/০৩/২০২৪ তারিখের সিদ্ধান্তে কাজী মো: মোস্তাফিজুর রহমানের অনুকূলে ইজারা প্রদান করা হয়। পরবর্তীতে অত্রাফিসের ০৩/০৩/২০২৪ তারিখের ২৪৩ নম্বর স্মারকের আলোকে ইজারাগ্রহীতা ভ্যাট ও আইটিসহ ইজারামূল্যের সমুদয় অর্থ পরিশোধ করে চুক্তিনামা সম্পাদন করে দখলদেহী বুঝে নিয়েছেন।

গত ১১/০৩/২০২৪ খ্রিস্টাব্দ তারিখে মহামান্য সুপ্রীম কোর্টের লিভ টু আপীল মামলা নম্বর: ৮২১/২০২৪ এর আদেশ পাওয়া যায়। তৎপ্রেক্ষিতে অত্রাফিসের ১১/০৩/২০২৪ খ্রিস্টাব্দ তারিখের ২৯৪ নম্বর স্মারকে বিজ্ঞ জিপি, সিলেট এর মতামত নেওয়া হয়। বিজ্ঞ জিপি, সিলেট জানান, “যদিও ইজারার চুক্তি সম্পাদন ও দখলদেহী বুঝিয়ে দেয়া হয়েছে তবুও লিভ টু আপীল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ইজারার পরবর্তী কার্যক্রম স্থগিত থাকবে।” সে মতে অদ্য ১২/০৩/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ বেলা ১০:০০ টায় উপজেলা পর্যটন উন্নয়ন কমিটির সভা হয়। সভায় লিভ টু আপীল মামলা নম্বর: ৮২১/২০২৪ এর পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত ১৪৩১ বাংলা সনের ইজারা কার্যক্রম স্থগিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, লিভ টু আপীল মামলা নম্বর: ৮২১/২০২৪ এর রায়, বিজ্ঞ জিপি, সিলেটের আইনগত মতামত এবং উপজেলা পর্যটন উন্নয়ন কমিটির ১২/০৩/২০২৪ তারিখের সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে কোম্পানীগঞ্জ উপজেলার ভোলাগঞ্জ দশ নম্বর ঘাট থেকে সাদা পাথর পর্যটন ঘাট ও ভোলাগঞ্জ দশ নম্বর গাড়ি পার্কিং এলাকার ১৪৩১ বাংলা সনের ইজারা কার্যক্রম পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত স্থগিত করা হলো।

  
সুনজিত কুমার  
উপজেলা নির্বাহী অফিসার  
কোম্পানীগঞ্জ, সিলেট।

[Email-unocompaniganjsylhet@gmail.com](mailto:Email-unocompaniganjsylhet@gmail.com)

ফোন: ৫৬০০১-০৮২২৫ (অঃ)

অনুলিপি: সদয় অবগতির জন্য- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য, সিলেট-০৪ ও ১নং উপদেষ্টা, উপজেলা পর্যটন উন্নয়ন কমিটি, কোম্পানীগঞ্জ, সিলেট

০২। জেলা প্রশাসক, সিলেট।

০৩। বিজ্ঞ ডেপুটি এটর্নি জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা। (মহামান্য আপিল বিভাগের সদয় নজরে আনা যেতে পারে)

০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ২নং উপদেষ্টা উপজেলা পর্যটন উন্নয়ন কমিটি, কোম্পানীগঞ্জ, সিলেট

০৫। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট

০৬। সহকারী কমিশনার (ভূমি), কোম্পানীগঞ্জ, সিলেট

০৭। অফিসার ইনচার্জ, কোম্পানীগঞ্জ থানা, কোম্পানীগঞ্জ, সিলেট

০৮। উপজেলা ..... কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট

০৯। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কোম্পানীগঞ্জ, সিলেট। (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)

১০। চেয়ারম্যান, ..... ইউপি (সকল), কোম্পানীগঞ্জ, সিলেট

১১। জনাব ..... কোম্পানীগঞ্জ, সিলেট